

শিক্ষক সমিতি ফেডারেশনের আলোচনা সভা শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে রাজনৈতিক কর্মসূচিমুক্ত রাখার আহ্বান

কাগজ প্রতিবেদক : বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের উদ্যোগে জাতিসংঘ দিবসের আলোচনা সভায় বক্তারা বলেছেন, মানবসম্পদের উন্নয়ন, দারিদ্র্য বিমোচন ও জাতিসংঘ ঘোষিত মানবাধিকারগুলোর ব্যাপারে সচেতনতা সৃষ্টির জন্য শিক্ষার কোনো বিকল্প নেই। সেজন্য শিক্ষা ও শিক্ষাদান দলীয় রাজনীতির প্রভাবমুক্ত রাখা অপরিহার্য।

বক্তারা বলেন, মতাদর্শ নির্বিশেষে রাজনৈতিক দলগুলোর উচিত দেশের বৃহত্তর স্বার্থে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে দলীয় রাজনৈতিক কর্মসূচির আওতামুক্ত রাখা এবং স্কুল-কলেজের বার্ষিক ও প্রাক-নির্বাচনী এবং বিশ্ববিদ্যালয়গুলোর পরীক্ষার সময় হরতালের মতো কর্মসূচি না রাখা।

গতকাল বৃহস্পতিবার বাংলাদেশ শিক্ষক সমিতির ফেডারেশনের উদ্যোগে সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত

আলোচনা সভায় বক্তারা এ কথা বলেন। আলোচনা সভায় বিশ্বব্যাপী সন্ত্রাস ও অজ্ঞানতার বিরুদ্ধে শিক্ষা, শান্তি ও মানবাধিকারের সপক্ষে আন্তর্জাতিক শিক্ষক সংগ্রদায়ের সঙ্গে বাংলাদেশের শিক্ষক সমাজের পক্ষ থেকে সংহতি ব্যক্ত করা হয়।

ফেডারেশনের সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক এবং শিক্ষক নেতৃবৃন্দ অধ্যাপক আকর রব মিয়া, অধ্যাপক নুরন নবী সিদ্দিকী, অধ্যাপক ডানে আলম সিকদার, অধ্যাপিকা ফিরোজা বেগম, অধ্যাপক ইমতিয়াজ উদ্দিন আহমেদ এবং এ এইচ এম মনিরুজ্জোহা।